গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**হিসাব মহানিয়ন্ত্রক-এর কার্যালয়**
**হিসাব ভবন**
সেগুনবাগিচা,ঢাকা-১০০০।
www.cga.gov.bd

নং-০৭.০৩.০০০০.০০৩.১৪.৪০৮.১৬ তারিখঃ /০৫/২০২২খ্রি.

# অফিস আদেশ

**বিষয়ঃ iBAS⁺⁺ সিস্টেমে Pay and Accounting Module- এ নতুন সংযোজনকৃত Menu সমূহ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২।। সরকারের হিসাব ব্যবস্থাকে অধিকতর সুসংহত করার নিমিত্তে iBAS⁺⁺ System এর Accounting Module-এ সম্প্রতি পাঁচ (৫)টি নতুন Menu-সংযোজন করা হয়েছে। নতুন সংযোজনকৃত Menu- সমূহ হলোঃ i)Supplier Management, ii) Beneficiary Management, iii) Land Awardee, iv) Depositor Management এবং Bank A/C Information Change। উক্ত প্রতিটি Menu-এর ক্ষেত্রে Information Entry এবং Approval অপশন রাখা হয়েছে।

৩।। **i) Supplier Management:** এখন হতে যে কোন প্রকার ঠিকাদার বিলের দাবী পরিশোধের ক্ষেত্রে ঠিকাদারদের তথ্য Supplier Management Menu-তে Entry এবং Approve করতে হবে এবং তারপর Token Entry করে বিলের দাবী পরিশোধ করতে হবে। Supplier-তথ্য Entry করার ক্ষেত্রে সর্বদা E-Tin ব্যবহার করা বাধ্যতামূলক করা হয়েছে। E-Tin প্রদানের সাথে সাথে জাতীয় রাজস্ব বোর্ডের সার্ভার হতে উক্ত E-Tin এর বিপরীতে Entry-কৃত তথ্যসমূহ স্বয়ংক্রিয়ভাবে iBAS⁺⁺ System এ চলে আসবে। অতঃপর অন্যান্য প্রয়োজনীয় তথ্যসমূহ অত্যন্ত সতর্কতার সাথে সঠিকভাবে Entry করে Approve করতে হবে। একবার Approve -কৃত তথ্য কোনভাবে Edit/Remove করা যাবে না। উল্লেখ্য যে, Supplier Management Menu-তে দুই(২) টি SubMenu-রাখা হয়েছে যার একটি Individual এবং অপরটি Company নামে। Individual এ শুধুমাত্র সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ব্যক্তির E-Tin ব্যবহার করে এবং যৌথ/যুগ্ম/কোম্পানীর নামে E-Tin হলে Company Menu ব্যবহার করতে হবে। E-Tin ব্যবহারের ক্ষেত্রে ঠিকাদারের প্রতিষ্ঠান বা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ব্যক্তিগত E-Tin (যে কোন একটি) ব্যবহার করে তথ্য Entry করা যাবে। ঠিকাদার ব্যতিত অন্যকারও কোন প্রকার তথ্য এ Menu তে অন্তর্ভুক্ত যেন করা না হয় যে বিষয়ে যথাযথ নির্দেশনা প্রদান করা হলো।

**ii) Beneficiary Management:** ঠিকাদার ব্যতিত সরকারের অন্যান্য সুবিধাভোগীদের তথ্য Entry করার জন্য এ Menu সংযোজন করা হয়েছে এবং এই Menu-তেও General এবং Committee-নামে দুই (২) টি SubMenu-সংযোজন করা হয়েছে। General Menu-টি শুধুমাত্র একক ব্যক্তির দাবী পরিশোধের ক্ষেত্রে ব্যবহার করতে হবে এবং Committee Menu-টি বিভিন্ন প্রতিষ্ঠান/সংস্থা/সমিতি/সমিতি প্রধানগণের ক্ষেত্রে ব্যবহার করতে হবে। Beneficiary Management-এ তথ্য Entry করার ক্ষেত্রে সর্বদা সংশ্লিষ্টদের জাতীয় পরিচয়পত্র নম্বর (NID) ও জন্ম তারিখ ব্যবহার করে তথ্য Entry করা বাধ্যতামূলক করা হয়েছে। জাতীয় পরিচয়পত্র নম্বর (NID) ও জন্ম তারিখ প্রদানের সাথে সাথে জাতীয় পরিচয়পত্রের সার্ভার হতে উক্ত জাতীয় পরিচয়পত্র নম্বর এর বিপরীতে রক্ষিত তথ্যসমূহ স্বয়ংক্রিয়ভাবে iBAS⁺⁺ System এ চলে আসবে। অতঃপর অন্যান্য প্রয়োজনীয় তথ্যসমূহ অত্যন্ত সতর্কতার সাথে সঠিকভাবে Entry করে Approve করতে হবে। একবার Approve-কৃত তথ্য কোনভাবে Edit/Remove করা যাবে না।

**iii) Land Awardee:** শুধুমাত্র ভূমি অধিগ্রহন জনিত কারণে ক্ষতিগ্রস্থ সংশ্লিষ্টদের দাবী পরিশোধের জন্য Land Awardee Menu-টি সংযোজন করা হয়েছে। Land Awardee-তথ্য Entry করার ক্ষেত্রে সর্বদা সংশ্লিষ্টদের জাতীয় পরিচয়পত্র নম্বর (NID) ও জন্ম তারিখ ব্যবহার করে তথ্য Entry করা বাধ্যতামূলক করা হয়েছে। জাতীয় পরিচয়পত্র নম্বর (NID) ও জন্ম তারিখ প্রদানের সাথে সাথে জাতীয় পরিচয়পত্রের সার্ভার হতে উক্ত জাতীয় পরিচয়পত্র নম্বর এর বিপরীতে রক্ষিত তথ্যসমূহ স্বয়ংক্রিয়ভাবে iBAS⁺⁺ System এ চলে আসবে। অতঃপর অন্যান্য প্রয়োজনীয় তথ্যসমূহ অত্যন্ত সতর্কতার সাথে সঠিকভাবে Entry করে Approve করতে হবে। একবার Approve-কৃত তথ্য কোনভাবে Edit/Remove করা যাবে না।

**iv) Depositor Management:** ঠিকাদার বিলের দাবী, ঠিকাদার ব্যতিত সরকারের অন্যান্য সুবিধাভোগীদের দাবী ও ভূমি অধিগ্রহন জনিত কারণে সংশ্লিষ্টদের দাবী ব্যতিত অন্যান্য যে সকল ব্যক্তি/ব্যক্তিগণ সরকারী কোষাগারে বিভিন্ন কারণে জমাকৃত অর্থ ফেরৎ প্রদানের ক্ষেত্রে এই Menu ব্যবহৃত হবে। Depositor Management-তথ্য Entry করার ক্ষেত্রে সর্বদা সংশ্লিষ্টদের জাতীয় পরিচয়পত্র নম্বর (NID) ও জন্ম তারিখ ব্যবহার করে তথ্য Entry করা বাধ্যতামূলক করা হয়েছে। জাতীয় পরিচয়পত্র নম্বর (NID) ও জন্ম তারিখ প্রদানের সাথে সাথে জাতীয় পরিচয়পত্রের সার্ভার হতে উক্ত জাতীয় পরিচয়পত্র নম্বর এর বিপরীতে রক্ষিত তথ্যসমূহ স্বয়ংক্রিয়ভাবে iBAS++ System এ চলে আসবে। অতঃপর অন্যান্য প্রয়োজনীয় তথ্যসমূহ অত্যন্ত সতর্কতার সাথে সঠিকভাবে Entry করে Approve করতে হবে। একবার Approve-কৃত তথ্য কোনভাবে Edit/Remove করা যাবে না।

উল্লেখ্য যে,নতুন সংযোজিত Menu-সমূহতে Bank Information তথ্য Entry করার ক্ষেত্রে Bank Account Name-এর ঘরে যে নাম ব্যবহার করা হবে সেই নামেই Cheque/Payment order/EFT ইস্যু করা যাবে। এক্ষেত্রে, Bank Account Name-এর ঘরে বিশেষ কোন চিহ্ন কোনক্রমেই ব্যবহার করা যাবে না। অন্যথায় উক্ত তথ্যসমূহ Save/Approve হবে না।

**v) Bank A/C Information Change:** সরকারী কর্মকর্তা এবং কর্মচারীগণের Bank A/C Information এন্ট্রির জন্য এই Menu ব্যবহৃত হবে। সরকারী কর্মকর্তাগণ নিজস্ব USER ID ব্যবহার করে নতুন Bank A/C Information Submit করবেন এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণের অফিসে নিয়োজিত আয়ন-ব্যয়ন কর্মকর্তার মাধ্যমে সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসে অনুমোদনের জন্য প্রেরণ করবেন অপরদিকে, কর্মচারীগণের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারীগণের ক্ষেত্রে নিয়োজিত আয়ন-ব্যয়ন কর্মকর্তার মাধ্যমে Bank A/C Information এন্ট্রি করবেন এবং আয়ন-ব্যয়ন কর্মকর্তা Bank A/C Information Approve করে Bank A/C Information Update সংক্রান্ত তথ্য হিসাবরক্ষণ অফিসের অনুমোদনের জন্য প্রেরণ করবেন এবং সংশ্লিষ্ট হিসাবরক্ষন কর্মকর্তা তথ্যসমূহ চূড়ান্ত Approve করবেন।

৪।। হিসাব মহানিয়ন্ত্রক,বাংলাদেশ মহোদয়ের সদয় নির্দেশনা মোতাবেক এ অফিস আদেশ জারী করা হলো ।

স্বাক্ষরিত

(কাজী কাইয়ুম হোসেন)
উপ-হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব-১)
ফোনঃ৪৯৩৪৯৮৪৪
Email: dcgaacc@cga.gov.bd

নং-০৭.০৩.০০০০.০০৩.১৪.৪০৮.১৬ – ৫২৫

তারিখঃ22/০৫/২০২২খ্রি.

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন)।
২। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।
৩। ডিভিশনাল কন্ট্রোলার অব্ একাউন্টস এর কার্যালয় (সকল)।
৪। ডিস্ট্রিক্ট একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।
৫। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
৬। অফিস কপি/গার্ড ফাইল।

22/05/2022
(মোঃআফজাল-উল-বাশার)
নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা
হিসাব ও সিডিপিইউ শাখা
ফোনঃ৮৩৯২৩২১
Email: aaocdpu@cga.gov.bd